

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৩৮

খোয়াই, তেলিয়ামুড়া ২৪ মে, ২০২৩

খোয়াইয়ে জলে ডুবে মৃত শিশু খুশি রায়ের বাড়িতে মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ খোয়াইয়ের পশ্চিম গণকী পঞ্চায়েতের তাঁত চৌমুহনী এলাকায় সম্প্রতি জলে ডুবে মৃত শিশু খুশি রায়ের (১০) বাড়িতে যান। উল্লেখ্য, গত ২১ মে পহরমুড়া ব্রিজ সংলগ্ন এলাকায় খোয়াই নদীতে স্নান করতে গিয়ে খুশি রায় (১০), মৌটুসী দাস (১২) ও অক্ষুশ নম (৭) নামে এই তিন শিশুর জলে ডুবে মৃত্যু হয়। খুশি রায়ের বাড়িতে এসে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা প্রয়াত তিন কিশোর কিশোরীর মা বাবা ও আত্মীয় পরিজনদের সঙ্গে কথা বলেন এবং শোক ও সমবেদনা জানান। খুশি রায়ের বাড়ি পরিদর্শনে গিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা ও সরকারি মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী রায় মৃতার পিতা রঞ্জিত রায়ের সঙ্গে কথা বলেন এবং স্টেট ডিজাস্টার রিলিফ ফান্ড থেকে ৪ লক্ষ টাকার চেক তুলে দেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে অন্যান্যদের মধ্যে ছিলেন বিধানসভার সরকারি মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী রায়, খোয়াই জেলার জেলাশাসক ডি কে চাকমা, জেলা পুলিশ সুপার ডা. রমেশ চন্দ্র যাদব, খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস দাস, খোয়াই জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুব্রত মজুমদার, মহকুমা শাসক বিজয় সিনহা, খোয়াই ব্লকের বিডিও অভিজিৎ দাস প্রমুখ। তাছাড়াও মুখ্যমন্ত্রী এদিন এই ঘটনায় মৃত মৌটুসী দাসের মোহরছড়াস্থিত বাড়িতেও যান। মুখ্যমন্ত্রী মৃতার পিতা মহাপ্রভু দাসের সাথে কথা বলেন এবং সমবেদনা জানান। তেলিয়ামুড়া মহকুমা প্রশাসন থেকে মৃতার পরিবারকে আপদকালীণ সহায়তা দেওয়া হবে বলেও জানান ডিসিএম অঞ্জন দাস।
